**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 31-08-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**<u>Headlines :</u>**

**(১) এডিসি'র ভিলেজ কমিটির নির্বাচন আগামী ২৮শে সেপ্টেম্বর।**

**(২) ত্রয়োদশ রাজ্য বিধানসভার তিনদিনব্যাপী দশম অধিবেশন সমাপ্ত।**

**(৩) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা জানিয়েছেন, রাজ্যে ভারত বাংলাদেশ সীমান্তে প্রায় ৮০৬ কিলোমিটার কাঁটাতারের বেড়া নির্মাণ সম্পন্ন।**

**(৪) চলতি আর্থিক বছরে প্রথম ত্রৈমাসিকে ভারতের প্রকৃত জিডিপি বৃদ্ধির হার ৭.৮ শতাংশ।**

**(৫) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু যুবসমাজকে কর্মসংস্থান তৈরিতে উদ্যোগী হতে আহ্বান জানিয়েছেন।**

*******************************

**ADC VILLAGE VOTE :**

আগামী ২৮শে সেপ্টেম্বর এডিসি'র ভিলেজ কমিটির নির্বাচন অনুষ্ঠিত হবে। আজ সচিবালয়ে এক সাংবাদিক সম্মেলনে রাজ্য নির্বাচন কমিশনার ড. প্রদীপ কুমার চক্রবর্তী ভিলেজ কমিটির নির্বাচনের নির্ঘন্ট ঘোষণা করেন। নির্ঘন্ট অনুযায়ী আগামীকাল অর্থাৎ পয়লা সেপ্টেম্বর নির্বাচনের আনুষ্ঠানিক বিজ্ঞপ্তি জারি করা হবে। আগামীকাল থেকেই মনোনয়নপত্র গ্রহণের প্রক্রিয়া শুরু হবে। মনোনয়নপত্র দাখিলের শেষদিন আগামী ৮ই সেপ্টেম্বর। ৯ই সেপ্টেম্বর মনোনয়নপত্রগুলি পরীক্ষা করা হবে। মনোনয়নপত্র প্রত্যাহারের শেষদিন ১১ই সেপ্টেম্বর। আগামী ২৮শে সেপ্টেম্বর সকাল ৭টা থেকে বিকেল ৪টা পর্যন্ত ভোটগ্রহণ করা হবে। পুনরায় ভোটের প্রয়োজন হলে তা নেওয়া

হবে আগামী তেসরা অক্টোবর। ভোট গণনা আগামী ৫ই অক্টোবর সকাল ৮টা থেকে। রাজ্য নির্বাচন কমিশনার জানান, আজ নির্বাচন ঘোষণার সঙ্গে সঙ্গে এডিসি'র ভিলেজ কমিটি এলাকায় নির্বাচনী আদর্শ আচরণবিধি কার্যকর হয়েছে। নির্বাচন অনুষ্ঠিত হবে ৫৮৭টি ভিলেজ কমিটির ২ হাজার ৬৩৪টি নির্বাচনী ক্ষেত্রের ৪ হাজার ৫৯৭টি আসনে। ভোটগ্রহণ করা হবে ১ হাজার ৫৫০টি ভোটকেন্দ্রে। ভিলেজ কমিটি নির্বাচনে মোট ভোটার রয়েছেন, ৯ লক্ষ ৬১ হাজার ৭৬০ জন। এরমধ্যে পুরুষ ভোটার ৪ লক্ষ ৮১ হাজার ৯০৯ জন, মহিলা ভোটার ৪ লক্ষ ৭৯ হাজার ৮৪৫ জন ও তৃতীয় লিঙ্গের ভোটার ৬ জন। উল্লেখ্য, ভিলেজ কমিটির সর্বশেষ নির্বাচন হয়েছিল ২০১৬ সালের ২৪শে ফেব্রুয়ারি।

***************************

**Assembly Session :**

ত্রয়োদশ রাজ্য বিধানসভার তিনদিনব্যাপী দশম অধিবেশন আজ সন্ধ্যায় শেষ হয়েছে। অধ্যক্ষ রামপদ জমাতিয়া অধিবেশন অনির্দিষ্টকালের জন্য মুলতবি ঘোষণা করেন।

****************************

**Assembly-Cyber Crime :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা জানিয়েছেন, গত তিন বছরে রাজ্যে সাইবার অপরাধ সংক্রান্ত ১৫৫টি মামলা পুলিশের কাছে নথিভুক্ত হয়েছে। এরমধ্যে ৬২টি মামলার তদন্ত সম্পন্ন হয়েছে এবং ৫৪ জন অভিযুক্তকে গ্রেপ্তার করা হয়েছে। আজ বিধানসভায় বিধায়ক জহর চক্রবর্তী ও সুদীপ সরকারের প্রশ্নের উত্তরে তিনি এই তথ্য জানান। তিনি জানান, সাইবার অপরাধ প্রতিরোধ ও এসম্পর্কে সাধারণ মানুষকে সচেতন করতে বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। সাইবার অপরাধ সম্পর্কে অভিযোগ জানানোর জন্য টোল ফ্রি নাম্বার ১৯৩০ চালু রয়েছে।

*******************************

**Assembly-International Boundary :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা জানিয়েছেন, রাজ্যে ভারত বাংলাদেশ আন্তর্জাতিক সীমান্তে প্রায় ৮০৬ কিলোমিটার কাঁটাতারের বেড়া নির্মাণের কাজ সম্পন্ন হয়েছে। তাছাড়া বাকি অংশে কাঁটাতারের বেড়া নির্মাণের কাজ দ্রুত শেষ করতে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করেছে। আজ বিধানসভায় বিধায়ক সুদীপ সরকারের প্রশ্নের উত্তরে মুখ্যমন্ত্রী এতথ্য জানান। তিনি জানান, গত তিন বছরে রাজ্যের আন্তর্জাতিক সীমান্ত এলাকায় অবৈধ অনুপ্রবেশ সংক্রান্ত মোট ৪৪৬টি ঘটনা রাজ্যের বিভিন্ন থানায় নথিভুক্ত হয়েছে।

*****************************

**Assembly-NH :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা জানিয়েছেন, গত তিন বছরে রাজ্যে জাতীয় সড়ক মেরামত ও রক্ষনাবেক্ষণের জন্য সর্বমোট ১৫৩ কোটি টাকা ব্যয় হয়েছে। আজ বিধানসভায় বিধায়ক রঞ্জিত দাসের প্রশ্নের জবাবে তিনি এই তথ্য জানান। বিধায়ক নির্মল বিশ্বাসের অপর এক প্রশ্নের উত্তরে তিনি জানান, বর্তমানে রাজ্যে প্রায় ২২৮ কিলোমিটার দৈর্ঘ্য বিশিষ্ট জাতীয় সড়কের ১১টি অংশে সড়ক ও সেতু প্রকল্পের বাস্তবায়ন চলছে। বিধায়ক তোফাজ্জল হোসেনের এক প্রশ্নের উত্তরে মুখ্যমন্ত্রী জানান, রাজ্যে ইতিমধ্যেই ২০৪ দশমিক চার পাঁচ কিলোমিটার সড়ক ডাবল লেনে উন্নীত করা হয়েছে। বাকি রাজ্যে সড়কগুলিও পর্যায়ক্রমে ডাবল লেনে উন্নীত করার পরিকল্পনা রয়েছে।

*****************************

**Assembly-Sudip :**

বিধানসভায় আচরণবিধি অমান্য করার অভিযোগে অধ্যক্ষ রামপদ জমাতিয়া আজ অধিবেশনের শেষ দিনের প্রথমার্ধে বিধায়ক সুদীপ রায় বর্মণকে বহিস্কার করেন। আজ প্রশ্নোত্তর পর্ব শেষে বিধায়ক শ্রী বর্মণ

ডিজিপি অনুরাগের মৃত্যুর বিষয়টি উত্থাপন করেন। অধ্যক্ষ এক সময় বিষয়টি নিয়ে আর আলোচনার সম্মতি না দেওয়ায় বিধায়ক শ্রী বর্মণ অধ্যক্ষর চেয়ারের সামনে গিয়ে ধর্না দেন। সিপিআইএমের বিধায়কগণও এই ধর্নায় সামিল হন। হৈ হট্টগোলের মধ্যে সভার নির্ধারিত কার্যসূচি বাধাপ্রাপ্ত হয়। অধ্যক্ষ, বিধায়ক শ্রী বর্মণকে সতর্ক করতে থাকেন। তারপরও হট্টগোল চলতে থাকলে অধ্যক্ষ শ্রী জমাতিয়া বিধায়ক শ্রী বর্মণকে আজকের অধিবেশনের বাকি সময়ের জন্য সভা থেকে বহিষ্কারের নির্দেশ দেন। ওই সময়ে কংগ্রেস ও সিপিআইএমের বিধায়কগণ ওয়াকআউট করেন।

*****************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ কিরগিজস্তানের বিস্কেকে বিশ্বনেতাদের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করেছেন। 'সাংহাই কো-অপারেশন অর্গানাইজেশন' বৈঠকের প্রাক্কালে বৈঠক দুটি অনুষ্ঠিত হয়। তিনি ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান, আর্মেনিয়ার প্রধানমন্ত্রী নিকোল পাশিনিয়ানের সঙ্গে পৃথক দুটি দ্বিপাক্ষিক বৈঠক করেছেন। সামাজিক মাধ্যমে প্রধানমন্ত্রী শ্রী মোদী ইরানের সঙ্গে ভারতের দীর্ঘদিনের বন্ধুত্বকে আরও সুদৃঢ় করার বিষয়ে অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন। তিনি বলেন, ইরানে দীর্ঘস্থায়ী শান্তি প্রতিষ্ঠার লক্ষ্যে গৃহীত সমস্ত প্রচেষ্টায় ভারতের সমর্থন অব্যাহত থাকবে।

**************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপে। ফলো করুন - সোশ্যাল মিডিয়ায় ফেসবুক ও এক্স হ্যান্ডেল

অল ইন্ডিয়া রেডিও নিউজ এবং ইনস্টাগ্রাম পেজ এ-আই-আর-নিউজ-এলার্টস। দেখুন অফিসিয়াল ইউটিউব চ্যানেল নিউজ-অন-এআইআর।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউটিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

***************************

**GDP Growth :**

চলতি আর্থিক বছর ২০২৬-২৭-এর প্রথম ত্রৈমাসিকে ভারতের প্রকৃত জিডিপি ৭.৮ শতাংশ বৃদ্ধি পেয়েছে, যা গত অর্থবছরের একই সময়ে ছিল ৬.৯ শতাংশ। পরিসংখ্যান ও কর্মসূচি বাস্তবায়ন মন্ত্রকের প্রকাশিত হিসাব অনুযায়ী, এই সময়ে নামমাত্র জিডিপি ১০.৩ শতাংশ এবং প্রকৃত গ্রস ভ্যালু অ্যাডেড ৮.২ শতাংশ বৃদ্ধি পেয়েছে। সেবা ক্ষেত্রে ১০ শতাংশ, শিল্প ক্ষেত্রে ৮.৬ শতাংশ এবং প্রাথমিক ক্ষেত্রে ২.৯ শতাংশ বৃদ্ধি হয়েছে; কৃষি ও আনুষঙ্গিক ক্ষেত্রে বৃদ্ধি ছিল ৩.৬ শতাংশ।

*****************************

**President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বিকশিত ভারত গড়ার লক্ষ্যে যুবসমাজকে শুধুমাত্র চাকরিপ্রার্থী না হয়ে কর্মসংস্থান তৈরিতে উদ্যোগ নেবার আহ্বান জানান। আজ নতুন দিল্লীতে জাতীয় ফ্যাশন প্রযুক্তি প্রতিষ্ঠানের সমাবর্তনে ভাষণ দিতে গিয়ে তিনি পড়ুয়াদের এই আহ্বান জানান। উল্লেখ্য, সমাবর্তনে ডিগ্রি গ্রহণ করা প্রায় চার হাজার পড়ুয়ার ৮৫ শতাংশই মহিলা।

*****************************

**Nepal Flood :**

নেপালে ভয়াবহ বন্যা ও ভূমিধসে মৃতের সংখ্যা বেড়ে ৯০৩ জনে দাঁড়িয়েছে এবং ৪,২৪৭ জনেরও বেশি নিখোঁজ রয়েছেন। উদ্ধারকারীরা আটকে পড়াদের

সন্ধানে অভিযান চালাচ্ছেন। প্রায় আধ ডজন জলবিদ্যুৎ প্রকল্পে ৯৩৩ জন শ্রমিক আটকে থাকার আশঙ্কা রয়েছে, যেখানে ভারতীয় উদ্ধারকারী দল নেপালি সেনাবাহিনীর সঙ্গে কাজ করছে। এদিকে, তিব্বতে মৃতের সংখ্যা ১৬ এবং নিখোঁজ ৫৪৬ জন। প্রাথমিক গবেষণায় রসুয়ার উচ্চ পার্বত্য এলাকায় বরফ-পাথরের বিশাল ধস থেকেই এই ভয়াবহ বন্যার সূত্রপাত বলে জানা গেছে। দুর্যোগে ৯০ হাজারেরও বেশি মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছেন।

সুড়ঙ্গ উদ্ধারকারী একটি ভারতীয় দল চিলিমে এবং লাংটাং-এর জলবিদ্যুৎ কেন্দ্রগুলোতে নেপালি সেনাবাহিনীর সাথে কাজ করছে। ধ্বংসাবশেষ সরাতে রাতভর মাটি কাটার যন্ত্র ও সেনাসদস্যরা কাজ চালিয়ে যাচ্ছেন। নেপালি সেনাবাহিনীর মুখপাত্র রাজা রাম বাসনেত জানিয়েছেন, বিশাল পরিমাণের ধ্বংসাবশেষ জমার কারণে সুড়ঙ্গে প্রবেশ করা কঠিন হয়ে পড়েছে।

*************************

**MP-Udaipur :**

সাংসদ বিপ্লব কুমার দেব আজ উদয়পুরে নেতাজি সুভাষ মহাবিদ্যালয়ের আয়োজিত ‘যুব সংবাদ’ কর্মসূচিতে অংশ নেন। অনুষ্ঠানে তিনি ছাত্রছাত্রী ও শিক্ষকদের সঙ্গে মতবিনিময় করেন।

***************************

**Rakhi Bandhan :**

বিলোনিয়ার ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কলেজে আজ ‘রাখীবন্ধন উৎসব’ পালন করা হয়। অনুষ্ঠান শেষে কলেজের ছাত্রছাত্রীরা বিলোনিয়া চেকপোস্ট সহ বিভিন্ন স্থানে কর্তব্যরত বি.এস.এফ জওয়ান ও পুলিশ কর্মীদের হাতে রাখি পরিয়ে দেন।

****************************

**School Cricket :**

সদর আন্তঃস্কুল ক্রিকেটে আজ আসাম রাইফেলস ১৭৪ রানে বিজয় কুমার গার্লস স্কুলকে পরাজিত করেছে। আসাম রাইফেলস এর হয়ে অনুস্কা টুডু ১১৮ রান করে। অপর ম্যাচে প্রণবানন্দ বিদ্যামন্দির ১২৫ রানে হোলি ক্রস স্কুলকে পরাজিত করেছে।

*************************

**Weather :**

ভারতীয় আবহাওয়া দপ্তর ত্রিপুরা সহ মণিপুর, নাগাল্যান্ড, মিজোরামের কিছু স্থানে আগামীকাল অতি ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে। এদিকে, আগরতলা আবহাওয়া দপ্তর থেকে জানানো হয়েছে, রাজ্যে আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.৭ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.৮ ডিগ্রী সেলসিয়াস।

***************************